অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 1/31/2023 **গভর্নর ক্যাথি হোকল**

সাদার্ন টিয়ারের সর্ববৃহৎ বৈদ্যুতিক যানবাহনের চার্জিং স্টেশন এখন চালু হয়েছে বলে গভর্নর হোকলের ঘোষণা

ষোল-ইউনিটের বৈদ্যুতিক যানবাহন ফাস্ট চার্জিং হাবটি নিউ ইয়র্ক পাওয়ার অথরিটির EVolve NY নেটওয়ার্ককে সম্প্রসারণ করার মাধ্যমে অধিবাসী ও ভ্রমণকারীদের জন্য উচ্চ-গতিতে চার্জিংকে আরো বেশি অ্যাক্সেসযোগ্য করে তুলবে

সাদার্ন টিয়ারের উচ্চ-ট্রাফিক সম্পন্ন হাবটি স্টেটকে বৈদ্যুতিক যানবাহনের দিকে উত্তরণ এগিয়ে নিতে সাহায্য করবে, এবং পরিবহন খাত থেকে দূষণকারী নির্গমন কমাবে

ছবি পাওয়া যাবে এখানে

সাদার্ন টিয়ারের সর্ববৃহৎ উন্মুক্ত-অ্যাক্সেসবিশিষ্ট বৈদ্যুতিক যানবাহনের ফাস্ট চার্জিংয়ের হাব এখন চালু হয়েছে বলে গভর্নর ক্যাথি হোকল আজ ঘোষণা করেছেন। নিউ ইউর্ক পাওয়ার অথরিটি (New York Power Authority) হাডসন ভ্যালি এবং ওয়েস্টার্ন নিউ ইয়র্কের মধ্যে পূর্ব-পশ্চিমে ভ্রমণের জন্য একটি প্রধান করিডর, রুট 17 সংলগ্ন এলাকায় টেসলার (Tesla) সঙ্গে অংশীদার হয়ে ডেলাওয়ার কাউন্টিতে হ্যানকক টাউন হলে 16টি চার্জারবিশিষ্ট সাইটটি উন্নয়ন করেছে। এছাড়াও এটি টাউন-রান ডগ পার্কের কাছে অবস্থিত যেখানে EV চালকরা যানবাহন চার্জ দেওয়ার সময় নিজেদের কুকুরকে হাঁটাতে নিয়ে যেতে পারবেন। EVolve NY হাব হলো "ফাস্ট চার্জিং মরুভূমিগুলো" দূর করা এবং সব নিউ ইয়র্কবাসী ও ভ্রমণকারীর জন্য লভ্য থাকবে এমন চার্জিং অবকাঠামো উন্নয়নকে উৎসাহিত করার জন্য নিউ ইয়র্ক স্টেটের প্রচেষ্টার অংশ। পরিবহন খাতের পুরোপুরি বিদ্যুতায়ন করা স্টেটের সড়কপথগুলোকে দূষিত করতে থাকা গ্রিনহাউজ গ্যাস নির্গমন কমিয়ে আনতে সাহায্য করবে এবং স্টেটকে এটির দেশের-নেতৃস্থানীয় জলবায়ু ও নির্মল জ্বালানি লক্ষ্যসমূহ অর্জনে সাহায্য করবে। লেফটেনেন্ট গভর্নর অ্যান্টনিও ডেলগাডো, যিনি যুক্তরাষ্ট্রের হাউজ অব রিপ্রেজেন্টেটিভে দায়িত্ব পালন করার সময় হ্যানককের প্রতিনিধিত্ব করেছিলেন, আজ হ্যানককে NYPA-এর ভারপ্রাপ্ত প্রেসিডেন্ট ও CEO জাস্টিন ই. ড্রিসকল এবং হ্যানকক টাউনের সুপারভাইজার জেরি ভার্নল্ডকে সঙ্গে নিয়ে গভর্নর হোকলের পক্ষ থেকে এই ঘোষণা দিয়েছেন।

"পরিবহন খাতের বিদ্যুতায়ন আমাদেরকে আমাদের জলবায়ু সংক্রান্ত পদক্ষেপ গ্রহণের সাহসী লক্ষ্যসমূহ এগিয়ে নেওয়ার সক্ষমতা প্রদান করবে," **বলেছেন গভর্নর হোকল**। "সাদার্ন টিয়ারে বৈদ্যুতিক যানবাহনের সর্ববৃহৎ ফাস্ট চার্জিং হাব স্থাপন করার মাধ্যমে আমরা আমাদের নির্মল পরিবহনের ভবিষ্যতকে অগ্রাধিকার দিচ্ছি - ভবিষ্যতের নির্মল জ্বালানি অর্থনীতিকে সমৃদ্ধ করতে সাহায্য করছি এবং নিউ ইয়র্কবাসীদেরকে অধিকতর নির্মল ও সবুজতর পরিবহনের মাধ্যম বেছে নেওয়ার জন্য উৎসাহিত করছি।"

"হ্যানকক একটি উদ্ভাবনমূলক কমিউনিটি এবং অধিবাসীরা অথবা যাতায়াতকারী ব্যক্তিরা স্বাচ্ছন্দ্যে বৈদ্যুতিক যানবাহন চার্জ দিতে পারবে এমন একটি কেন্দ্রীয় জায়গায় এই চার্জিং ব্যাংক স্থাপন করার মাধ্যমে তারা নির্মল জ্বালানির ভবিষ্যতকে বরণ করে নিয়েছে," **বলেছেন লেফটেনেন্ট গভর্নর ডেলগাডো**। "যখন আমি ফেডারেল পর্যায়ে হ্যানককের প্রতিনিধিত্ব করেছিলাম, একটি অধিকতর স্থায়িত্বপূর্ণ ভবিষ্যতের জন্য অংশীদারিত্ব গড়ে তুলতে কাজ করা একটি সম্মানজনক ব্যাপার ছিল। আজ, লেফটেনেন্ট গভর্নর হিসেবে, একটি অধিকতর নির্মল পরিবেশ এবং একটি নির্মল জ্বালানি অর্থনীতির প্রতি এই টাউনের অঙ্গীকারাবদ্ধতার জন্য আমি অনেক বেশি গর্বিত।"

নতুন উচ্চ-গতির চার্জিং সাইটটিতে রয়েছে NYPA কর্তৃক এটির EVolve NY নেটওয়ার্কের অংশ হিসেবে ইনস্টলকৃত আটটি ইউনিভার্সাল চার্জিং পয়েন্ট এবং টেসলা কর্তৃক এটির EV-গুলোর জন্য ইনস্টলকৃত আটটি সুপারচার্জার। হ্যানকক টাউন হলের বাইরে অবস্থিত বৃহৎ ও আলোকিত সাইটটি নতুন EV পিকআপ ট্রাকগুলোকে জায়গা দিতে পারবে এবং যথেষ্ট পরিমাণে পার্কিং ও গাড়ি ঘুরানোর জায়গা রয়েছে। স্টেশনগুলো ইন্টারস্টেট 86 এবং রুট 17 দিয়ে EV ব্যবহার করে ভ্রমণের জন্য সুবিধাজনক অবস্থানে রয়েছে।

এছাড়াও ফাস্ট চার্জারগুলো নতুন হ্যানকক হাউন্ডস ডগ পার্কের পাশে অবস্থিত এবং সাইটটিতে শীঘ্রই একটি কমিউনিটি বাগানও তৈরি করা হবে। ভ্রমণকারীরা নিজেদের EV চার্জ দেওয়ার সময় বিশ্রাম নিতে, খাবার উপভোগ করতে, অথবা নিজেদের কুকুরকে হাঁটাতে নিয়ে যেতে পারবেন। সাইটটিতে ভেন্ডিং মেশিনও যোগ করা হবে।

হ্যানকক টাউন এই অঞ্চলে অর্থনৈতিক উন্নয়নের সুযোগ-সুবিধা এগিয়ে নিয়ে যাওয়া একটি অলাভজনক সংস্থা, হ্যানকক পার্টনার্স, ইনক. (Hancock Partners, Inc.)-এর সঙ্গে সমন্বিত প্রচেষ্টার মধ্য দিয়ে EVolve NY কর্মসূচির মাধ্যমে চার্জারগুলো স্থাপনের জন্য NYPA-এর সঙ্গে অংশীদার হয়েছে। চার্জারগুলো স্থাপনের জন্য বেছে নেওয়া সাইটটিতে একসময় জন ডি রকফেলার'স স্ট্যান্ডার্ড অয়েল কো. (John D. Rockefeller's Standard Oil Co)-এর মালিকানাধীন অয়েল ট্যাংকগুলো অবস্থান করতো। বর্তমানে সাইটটি এন্ড-টু-এন্ড নির্মল জ্বালানি অর্থনীতি গড়ে তুলতে সহায়তা করবে এমন একটি পরিবেশের প্রতি মনোযোগী, নির্গমনমুক্ত অবকাঠামো নির্মাণের নতুন যুগের চিহ্ন হয়ে উঠেছে।

NYPA প্রধান প্রধান ভ্রমণ করিডর সংলগ্ন 31 সাইটে 118টি পোর্ট স্থাপন করার মাধ্যমে নিউ ইয়র্ক স্টেটের সর্ববৃহৎ উন্মুক্ত অ্যাক্সেস সম্পন্ন উচ্চ-গতির চার্জিং নেটওয়ার্ক বজায় রাখছে, যা নিউ

ইয়র্কে EV গাড়ি চালকদের যাতে চার্জ ফুরিয়ে যাওয়া নিয়ে দুশ্চিন্তায় পড়তে না হয় সে বিষয়টি নিশ্চিত করতে সাহায্য করছে।

নতুন EVolve NY ডিরেক্ট কারেন্ট ফাস্ট চার্জারগুলো যেকোনো মেক বা মডেলের EV-কে সর্বনিম্ন 20 মিনিট সময়ের মধ্যে ব্যাটারির ধারণক্ষমতার বেশিরভাগ অংশ পর্যন্ত চার্জ করতে পারে। ইলেক্ট্রিফাই আমেরিকা (Electrify America) নেটওয়ার্কের চার্জিং স্টেশনগুলোতে ফাস্ট চার্জিং কানেক্টর—150 কিলোওয়াট রেটের সম্মিলিত চার্জিং সিস্টেম (CCS) প্লাগ এবং 100 কিলোওয়াট পর্যন্ত রেটের দুইটি CHAdeMO কানেক্টর রয়েছে—তাই টেসলা সহ অ্যাডাপ্টার থাকা যেকোনো বৈদ্যুতিক যানবাহন এখানে প্লাগ ইন করতে পারবে।

পরবর্তী পাঁচ বছরে নিউ ইয়র্ক শূন্য-নির্গমন সম্পন্ন গাড়ি ও ট্রাকগুলোর জন্য 1 বিলিয়ন ডলারেরও বেশি বিনিয়োগ করতে যাচ্ছে এবং হ্যানকক আরো ভালোভাবে সেবা প্রদান করা এবং এই সুযোগ কাজে লাগানোর সক্ষমতা অর্জন করতে চায়। EVolve NY-এর পাশাপাশি, এর মধ্যে নিম্নলিখিত কর্মসূচিগুলি অন্তর্ভুক্ত রয়েছে: নিউ ইয়র্ক স্টেটের জ্বালানি গবেষণা ও উন্নয়ন কর্তৃপক্ষের (New York State Energy Research and Development Authority) ড্রাইভ ক্লিন রিবেট কর্মসূচির (Drive Clean Rebate Program) মাধ্যমে শূন্য-নির্গমন সম্পন্ন যানবাহন ক্রয়ের অর্থ পরিশোধ, পরিবেশ সংরক্ষণ বিভাগের (Department of Environmental Conservation) ক্লাইমেট স্মার্ট কমিউনিটিস মিউনিসিপ্যাল গ্র্যান্ট কর্মসূচির (Climate Smart Communities Municipal Grant Program) মাধ্যমে শূন্য-নির্গমন সম্পন্ন যানবাহন ও চার্জিং অবকাঠামো সংক্রান্ত অনুদান, এবং সেইসাথে "EV মেক রেডি (EV Make Ready)" উদ্যোগ, NYPA-এর EVolve NY কর্মসূচি, এবং EV-এর ব্যবহার সম্প্রসারণে সাহায্য করার জন্য পরিবহন বিভাগের জাতীয় বৈদ্যুতিক যানবাহন অবকাঠামো (National Electric Vehicle Infrastructure, NEVI) কর্মসূচি অন্তর্ভুক্ত রয়েছে।

নিউ ইউর্ক পাওয়ার অথরিটির ভারপ্রাপ্ত প্রেসিডেন্ট ও CEO জাস্টিন ই. ড্রিসকল বলেন, "পরবর্তী প্রজন্মের অধিকতর নির্মল ও অধিকতর স্বাস্থ্যকর পরিবহনের অপশন প্রদান করাটা আমাদের পরিবেশের এবং আমাদের অর্থনীতির জন্য গুরুত্বপূর্ণ। হ্যানককের এই EVolve NY ফাস্ট চার্জিং সাইট সাদার্ন টিয়ার অঞ্চলের সবচেয়ে বড় চার্জিং সাইট এবং এটি গাড়ির কোম্পানি নির্বিশেষে সব EV গাড়ি চালকদেরকে সেবা প্রদান করবে। চার্জিংকে দ্রুত, সুবিধাজনক, ও সহজ বিষয়ে পরিণত করলে তা আরো বেশি নিউ ইয়র্কবাসীকে সবুজতর যানবাহন চালানোর দিকে নিয়ে আসতে সাহায্য করবে, যা উচ্চতর-নির্গমনসম্পন্ন গ্যাস দ্বারা চালিত গাড়ি ও ট্রাকগুলোকে সরিয়ে দেওয়ার মাধ্যমে আমাদের বায়ুর মান উন্নত করবে।"

হ্যানকক পার্টনার্স, ইনক.-এর প্রেসিডেন্ট এমানুয়েল আর্গিরোস বলেন, "পর্যটক ও ভ্রমণকারীদেরকে হ্যানককে স্বাগত জানানোর জন্য তাদেরকে ভ্রমণের সময়ে এই অতি প্রয়োজনীয় সংস্থান প্রদান করার চেয়ে ভালো উপায় আর কী হতে পারে? আমাদের টাউন বোর্ড এই অঞ্চলে এবং ডেলাওয়ার কাউন্টির মধ্যে হ্যানককের অর্থনৈতিক উন্নয়নকে আরো বেশি এগিয়ে নিয়ে যাবে এমন পর্যটন প্রচেষ্টাগুলোর পাশাপাশি নতুন ও গুরুত্বপূর্ণ অবকাঠামো উন্নয়ন বাস্তবায়নের লক্ষ্যে কাজ করা অব্যাহত রেখেছে।"

ইলেক্ট্রিফাই আমেরিকার গ্রিন সিটিজ এন্ড বিজনেস ডেভেলপমেন্টের ডিরেক্টর অব কমার্শিয়াল সার্ভিসেস, র‍্যাচেল মস বলেন, "নিউ ইয়র্কে উচ্চ মানসম্মত আল্ট্রা-ফাস্ট চার্জিংয়ের অ্যাক্সেস সম্প্রসারণ করার জন্য নিউ ইয়র্ক পাওয়ার অথরিটির সঙ্গে সহযোগিতার সম্পর্ক অব্যাহত রাখতে পেরে ইলেক্ট্রিফাই কমার্শিয়াল গর্বিত। হ্যানকক স্টেশন চালু হওয়ার মধ্য দিয়ে, আমরা অত্যন্ত প্রয়োজনীয় অবকাঠামো প্রদান করার মাধ্যমে বৈদ্যুতিক যানবাহনে সুইচ করতে নিউ ইয়র্কবাসীদেরকে ক্ষমতায়ন করার জন্য NYPA-এর EVolve NY প্রচেষ্টাগুলোকে সহায়তা করছি।"

NYSEG এবং RG&E-এর প্রেসিডেন্ট ও CEO, ট্রিশ নিলসেন বলেন, "NYSEG স্টেটকে এটির গ্রিনহাউজ গ্যাস নির্গমন কমিয়ে আনার লক্ষ্য পূরণে সহায়তা করতে অঙ্গীকারাবদ্ধ রয়েছে। EV চার্জিংয়ের অতি প্রয়োজনীয় অ্যাক্সেস প্রদান করাটা এই গুরুত্বপুর্ণ উপকারী বিদ্যুতায়ন সমাধানটি জনসাধারণের গ্রহণ করে নেওয়া ক্রমশ বৃদ্ধি পাওয়াকে নির্দেশ করছে। গভর্নরের নেতৃত্বের মাধ্যমে আমাদের মেক-রেডি কর্মসূচি স্টেটজুড়ে EV চার্জিং স্টেশনগুলোর একটি শক্তিশালী নেটওয়ার্ক তৈরি করতে সাহায্য করছে, এবং হ্যানককের নতুন চার্জিং হাব স্থাপনে সহায়তা করতে পেরে আমরা রোমাঞ্চিত।"

স্টেট সিনেটর পিটার ওবার‍্যাকার বলেন, "বৈচিত্র্যপূর্ণ জ্বালানি বিকল্পগুলো আমাদের ভবিষ্যতের চাবিকাঠি এবং স্টেটের সব অঞ্চল যাতে সমান মনোযোগ পায় সে বিষয়টি নিশ্চিত করা আমার নেতৃত্বদানের অগ্রাধিকারগুলোর মধ্যে একটি। আমি হ্যানকক পার্টনার্স এবং হ্যানকক টাউনকে তাদের রূপকল্পের জন্য এবং NYPA-কে আমাদের অবকাঠামোকে সমৃদ্ধ করবে এমন বিজয়ী প্রকল্পগুলোর প্রতি তাদের অব্যাহত সমর্থনের জন্য সাধুবাদ জানাই।"

অ্যাসেম্বলি সদস্য জো অ্যাঞ্জেলিনো বলেন, "এই উল্লেখযোগ্য বিনিয়োগ ফলপ্রসূ হতে দেখে আমি আনন্দিত। হ্যানককে একটি EV চার্জিং স্টেশন নিয়ে আসার জন্য এই সরকারি ও বেসরকারি অংশীদারিত্ব আমাদেরকে পরিবহনের ভবিষ্যতের জন্য প্রস্তুত করছে, যে ভবিষ্যত দ্রুত গতিতে আমাদের দিকে এগিয়ে আসছে। নিউ ইয়র্ক স্টেটের রুট 17 দিয়ে প্রতিদিন হাজার হাজার যানবাহন চলাচল করে, যেসব যানবাহনের মধ্যে অনেকগুলো হচ্ছে বৈদ্যুতিক, যেগুলো রিচার্জ করার প্রয়োজন হয়। একটি ফাস্ট-চার্জিং অবকাঠামো স্থাপন করতে পারা বড় একটি অর্জন, এবং আমি উচ্ছসিত যে এটি হ্যানককে অবস্থিত।"

অ্যাসেম্বলি সদস্য আইলিন গুন্থার বলেন, "আমি আনন্দিত যে এই প্রকল্পটি সম্পন্ন হয়েছে এবং আমাদের নান্দনিক এলাকাটির মধ্য দিয়ে গমনকারী মোটরযান চালক ও অধিবাসীরা একটি সর্বাধুনিক ফাস্ট চার্জিং স্টেশনের অ্যাক্সেস পাবেন। এটির মতো স্টেশনগুলো আমাদের এলাকায় পর্যটন বৃদ্ধি করতে সাহায্য করবে এবং দেখিয়ে দেবে যে আমরা আমাদের পরিবেশের প্রতি এবং একটি সবুজ জ্বালানির ভবিষ্যতের প্রতি অঙ্গীকারাবদ্ধ। হ্যানকক টাউনকে অভিনন্দন এবং এটি আমাদের কমিউনিটিগুলোর উপর যে ইতিবাচক প্রভাব ফেলবে আমি তা দেখার জন্য অধীর আগ্রহ নিয়ে অপেক্ষা করছি।"

হ্যানকক টাউনের সুপারভাইজার জেরি ভার্নল্ড বলেন, "সবসময় সামনে এগিয়ে যেতে হবে, কখনো পিছানো যাবে না। EVolve NY কর্মসূচির অংশ হতে পেরে হ্যানকক গর্বিত।

ইতোমধ্যে আমরা ছুটির দিনগুলোতে কয়েক ডজন EV-কে স্টেশনটি ব্যবহার করতে দেখতে পেয়েছি। দুইটি তুষারঝড়ের সময়ে অনেকেই চার্জ দেওয়ার জন্য একটি নিরাপদ স্থান পেয়ে কৃতজ্ঞ হয়েছেন যা তাদেরকে ঠাণ্ডার মধ্যে পথ হারাতে দেয়নি এবং সত্যিকার অর্থেই আমাদের অধিবাসী ও প্রতিবেশীদের প্রতি ভালোভাবে খেয়াল রাখার সুযোগ করে দিয়েছে। আমাদের কমিউনিটিতে এসব EV চার্জিং স্টেশন স্থাপনের জন্য এই তহবিলপ্রাপ্তির সুযোগের জন্য আমরা কৃতজ্ঞ। আমাদের টাউনের অধিবাসীদের এবং বৃহত্তর হ্যানকক নিউ ইয়র্ক এলাকায় ভ্রমণ করতে আসা মানুষদের জীবনকে উন্নত করার জন্য আমরা গভর্নর ও NYPA-এর সঙ্গে কাজ করে যাওয়ার প্রত্যাশা রাখি।"

নিউ ইয়র্ক স্টেটে বিক্রি হওয়া EV-র সংখ্যা রেকর্ড পরিমাণে বৃদ্ধি পেতে দেখা গেছে, যা সড়কে চলাচলকারী EV-র মোট সংখ্যা 127,000-এরও বেশিতে এবং স্টেটে চার্জিং স্টেশনের সংখ্যা প্রায় 9,000-এ উন্নীত করেছে, যেগুলোর মধ্যে লেভেল 2 এবং ফাস্ট চার্জারও রয়েছে। EV বিক্রি বৃদ্ধি পাওয়া স্টেটকে জলবায়ু নেতৃত্ব ও কমিউনিটি সুরক্ষা আইনের রূপরেখা অনুযায়ী এটির নির্মল জ্বালানি সংক্রান্ত আগ্রাসী লক্ষ্য অর্জন করতে সাহায্য করবে। এই লক্ষ্য হচ্ছে 2025 সালের মধ্যে নিউ ইয়র্কের 850,000টি যানবাহন শূন্য-নির্গমন সম্পন্ন করে তোলা। যুক্তরাষ্ট্রের জ্বালানি বিভাগের অল্টারনেটিভ ফুয়েলস ডাটা সেন্টারের (Alternative Fuels Data Center) তথ্য অনুযায়ী নিউ ইয়র্ক স্টেটে 258টি অবস্থানে 1,156টি পাবলিক ফাস্ট চার্জার রয়েছে, যদিও সেগুলোর গতিসীমা 25 কিলোওয়াট থেকে 350 কিলোওয়াট পর্যন্ত বিভিন্ন মানের হয়ে থাকে যার ফলে চার্জ হওয়ার সময় ভিন্ন হয়ে থাকে।

EV-এর মালিকরা শেল রিচার্জ (Shell Recharge), ইলেক্ট্রিফাই আমেরিকা (Electrify America), প্লাগ শেয়ার (PlugShare), চার্জ হাব (ChargeHub), চার্জ ওয়ে (ChargeWay), EV কানেক্ট (EV Connect), চার্জ পয়েন্ট (ChargePoint), EV গো (EV Go), গুগল ম্যাপ (Google Maps) ইত্যাদি স্মার্টফোন অ্যাপ, অথবা যুক্তরাষ্ট্রের জ্বালানি বিভাগের অল্টারনেটিভ ফুয়েলস ডাটা সেন্টার (Alternative Fuels Data Center) ব্যবহার করে পাবলিক চার্জারগুলো খুঁজে নিতে পারবেন। EVolve NY-এর চার্জারগুলো দেখানো একটি মানচিত্রের জন্য এখানেক্লিক করুন। লক্ষ্য করুন যে EVolve চার্জারগুলো ইলেক্ট্রিফাই আমেরিকা এবং শেল রিচার্জ নেটওয়ার্কে কার্যক্রম পরিচালনা করছে। চার্জ করার জন্য ক্রেডিট কার্ড গ্রহণযোগ্য, কোনো সাবস্ক্রিপশন বা সদস্যতার প্রয়োজন নেই। একটি মানচিত্রে সব EV সাইট দেখুন এখানে।

নিউ ইয়র্ক স্টেটের দেশের-নেতৃস্থানীয় জলবায়ু পরিকল্পনা

নিউ ইয়র্ক স্টেটের দেশের-নেতৃস্থানীয় জলবায়ু এজেন্ডা একটি সুশৃঙ্খল ও ন্যায্য পরিবর্তনের দাবি জানায় যেটি পরিবার চালানোর উপযোগী কর্মসংস্থান তৈরি করবে, সব খাতে সবুজ অর্থনীতি লালন করা অব্যাহত রাখবে এবং নির্মল জ্বালানি সংক্রান্ত বিনিয়োগের 40 শতাংশ সুফল পৌঁছে দেওয়ার লক্ষ্য স্থির রেখে অন্তত 35 শতাংশ যেন সুবিধাবঞ্চিত সম্প্রদায়গুলোর কাছে পৌঁছায় তা নিশ্চিত করবে। দেশের সবচেয়ে আগ্রাসী জলবায়ু ও নির্মল জ্বালানি উদ্যোগগুলোর দিকনির্দেশনায়, নিউ ইয়র্ক 2040 সালের মধ্যে শূন্য-নির্গমনসম্পন্ন বিদ্যুৎ খাত অর্জনের পথে রয়েছে, যার মধ্যে 2030 সালের মধ্যে 70 শতাংশ নবায়নযোগ্য শক্তি উৎপাদন এবং শতাব্দির মাঝামাঝি সময়ের মধ্যে অর্থনীতিজুড়ে কার্বন নিরপেক্ষতা অর্জন করা অন্তর্ভুক্ত রয়েছে। এই পরিবর্তনের একটি ভিত্তি হলো নিউ ইয়র্কের অভূতপূর্ব নির্মল জ্বালানি বিনিয়োগ,

যার মধ্যে রয়েছে স্টেট জুড়ে 120টি বড়-মাত্রার নবায়নযোগ্য ও বিতরণের প্রকল্পে 35 বিলিয়ন ডলারের বেশি, বিল্ডিং থেকে নির্গমন হ্রাস করার জন্য 6.8 বিলিয়ন ডলার, সৌর বিদ্যুতের মাত্রা বৃদ্ধি করার জন্য 1.8 বিলিয়ন ডলার, নির্মল পরিবহন উদ্যোগের জন্য 1 বিলিয়ন ডলারের বেশি, এবং NY গ্রীন ব্যাংক-এর প্রতিশ্রুতিতে 1.8 বিলিয়ন ডলারের বেশি বিনিয়োগ। এগুলো এবং অন্যান্য বিনিয়োগ 2021 সালে নিউ ইয়র্কের নির্মল জ্বালানি খাতে 165,000 এরও বেশি চাকরি, এবং 2011 সাল থেকে বিতরণকৃত সৌর খাতে 2,100 শতাংশ প্রবৃদ্ধি সমর্থন করছে। এছাড়া, গ্রিনহাউস গ্যাস নির্গমন কমানো এবং বায়ুর মান উন্নত করার জন্য, নিউ ইয়র্ক শূন্য-নির্গমনসম্পন্ন যানবাহন সম্পর্কিত বিধিমালা গ্রহণ করেছে, যার মধ্যে 2035 সালের মধ্যে স্টেটে বিক্রি হওয়া সব যাত্রীবাহী গাড়ি ও ট্রাক শূন্য-নির্গমনসম্পন্ন হওয়া আবশ্যক হওয়ার বিষয়টি অন্তর্ভুক্ত রয়েছে। অংশীদারিত্বগুলো বায়ু দূষণকে টার্গেট করতে এবং জলবায়ু পরিবর্তনের বিরুদ্ধে লড়াইয়ে সাহায্য করার জন্য স্টেটজুড়ে প্রায় 400টি নিবন্ধিত ও 100টি সার্টিফাইড ক্লাইমেট স্মার্ট কমিউনিটি, প্রায় 500টি ক্লিন এনার্জি কমিউনিটি, এবং 10টি সুবিধাবঞ্চিত কমিউনিটিতে স্টেটের বৃহত্তম কমিউনিটি এয়ার মনিটরিং ইনিশিয়েটিভ (community air monitoring initiative)-এর মাধ্যমে নিউ ইয়র্কের জলবায়ু পদক্ষেপকে এগিয়ে নিয়ে যাচ্ছে।

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে www.governor.ny.gov-এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418

আনসাবস্ক্রাইব করুন